

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৬৩

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭  
০৩ মার্চ ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ০৩ মার্চ ২০২১ খ্রিঃ সকাল ০৯.০০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

০৩ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। শেষরাত থেকে ভোর পর্যন্ত সারাদেশে নদী অববাহিকার কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৩.৭	৩২.০	৩৪.৫	৩৩.০	৩৪.২	৩২.২	৩৪.৮	৩৪.৪
সর্বনিম্ন তাপমাত্রা	১৮.৭	১৮.৬	১৮.৫	১৬.৩	১৬.৬	১০.৪	১৬.৬	২১.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৪.৮° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১০.৪° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
---------	-------------	---------------------	--------------	---------------

১।	ঢাকা	৫	১	০
২।	ময়মনসিংহ	৫	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	১	০
৫।	রাজশাহী	৭	০	০
৬।	রংপুর	৬	১	০
৭।	চট্টগ্রাম	১	০	০
৮।	খুলনা	৫	০	০
	মোট	৩১	৩	০

### উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য)

১। **ঢাকাঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গত ০২/০৩/২০২১ তারিখ আবদুল্লাহখান কচুক্ষেত, ঢাকা এলাকায় একটি ছয় তলা ভবনের পাঁচ তলার বিড়ি সিগারেট থেকে দুপুর ০৩.৫০ মিনিটে আগুন লাগে। ফায়ার সার্ভিসের ইউনিট ঘটনাস্থলে পৌঁছানোর পূর্বেই আগুন নিয়ন্ত্রণে আসে। ঘটনাস্থলে আবুল কালাম (৩৫) নামের ১ জন আহত হয়।

২। **রংপুরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গত ০২/০৩/২০২১ তারিখ রংপুর সদর উপজেলার ইস্তিশনরোড জামালউদ্দিন মার্কেট এলাকায় কাপড়ের দোকানে ভোর ০৫.৫০ মিনিটে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ৬টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে সকাল ০৭.৫৫ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। ঘটনাস্থলে রনি (৩৫) নামের ১ জন আহত হয়।

৩। **হবিগঞ্জঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গত ০২/০৩/২০২১ তারিখ জেলাপরিষদের গেট হবিগঞ্জ, সিলেট এলাকায় দুপুর ০১.৪৫ মিনিটে আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ২টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে দুপুর ০১.৫৭ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আনে। জেলাপরিষদের গেটে বিদ্যুৎ এর পিলারে কাজ করার সময় তারের সাথে স্পর্শ হয়ে জুয়েল মিয়া (৩৫) নামের ১ জন আহত হয়।



৩-৩-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৬৩/১(১৭০)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭

০৩ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) উপ-পরিচালক (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৩-৩-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা